

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭৬

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ১১৪. জান্নাতের বৃক্ষরাজির বর্ণনা সম্পর্কে

# باب فِي أَشْجَارِ الْجَنَّةِ

#### আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ فِي الْجَنَّةِ شَجَرَةً يَسِيرُ الرَّاكِبُ فِي ظِلِّهَا مِائَةَ عَامٍ لَا يَقْطَعُهَا وَاقْرَءُوا إِنْ شِئْتُمْ وَظِلٍّ مَمْدُودٍ

#### বাংলা

২৮৭৬. আবৃ হুরাইরাহ্ রাদ্বিয়াল্লাহ্থ আনহু হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "জান্নাতে এমন একটি বৃক্ষ আছে যার ছায়ায় কোন আরোহী শত বছর পর্যন্ত চলবে, তবুও তা অতিক্রম করতে পারবে না। আর তোমরা ইচ্ছা করলে তিলাওয়াত করতে পার (وَظِلٌ مَمْدُوْدِ) (অর্থ: "এবং দীর্ঘ ছায়া") (সূরা ওয়াকিয়া)।[1]

### ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ হাসান, তবে হাদীসটি সহীহ, বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, বাদউল খালক ৩২৫২; মুসলিম, জান্নাত ২৮২৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৮৫৩ ও সহীহ ইবনু হিব্বান নং ৭৪১১, ৭৪১২ ও মুসনাদুল হুমাইদী নং ১১৬৫ তে। এছাড়াও, ইবনু তাহমান, মাশাইখাতুহ ১৩০; ইবনু আবী দাউদ, আল বায়াছ নং ৬৬; ইবনুল জাউযী, মাশাইখাতুহ, তারজমাহ শাইখ সাবি' ওয়াস সাবিঈন পৃ: ১৮২-১৮৩।

এর শাহিদ রয়েছে আনাস রাদিয়াল্লাহু আনহু হতে, যেটি বুখারী, বাদউল খালক ৩২৫১; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৯৯১ তে। আবার, খুদরী রাদিয়াল্লাহু আনহু এর হাদীস দেখুন, মাউসিলী নং ১৩৭৪ তে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন